দৈনিক ইত্তেফাক

তারিখ ... 2-6 AUG 1996 ...
পৃষ্ঠা ১২ কলাম ৪ ...

## গার্মেন্টসে শিশু শ্রমিকদের শিক্ষাদানের ব্যবস্থা নেওয়া হইয়াছে

ইত্তেফাক রিপোর্ট ॥ বাংলাদেশ পোশাক প্রস্তুত ও রপ্তানিকারক সমিতির নেতৃবৃন্দ গতকাল রবিবার স্থানীয় একটি হোটেলে এক সাংবাদিক সম্মেলনে বাংলাদেশ হইতে প্রস্তুতকৃত তৈয়ারী পোশাক ক্রেতাদের উদ্দেশে বলেন, ইউনিসেফ ও আই এম এফ-এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী আমরা শিল্প

( ২য় পৃঃ ৮-এর কঃ দ্রঃ )

### গার্মেন্টসে শিশু শ্রমিক

(শেষ পৃঃ পর)

শ্রমিকদের লেখাপড়া করার ব্যবস্থা গ্রহণ করিয়াছি। সমিতির সভাপতি রিদওয়ান আহমদ বলেন, আই,এল ও ইউনিসেফ ও বিজিএমইর যৌথ উদ্যোগে ঢাকা, চট্টগ্রাম, খুলনা, নারায়ণগঞ্জে প্রায় ১ হাজার ৮ শত ২১টি গার্মেন্টস ফ্যাক্টরীকে সার্ভে করা হইয়াছে।

উক্ত ফ্যাক্টরীগুলিতে এ পর্যন্ত প্রায় ১০ হাজার ৫৪৭ জন শিশু শ্রমিক চিহ্নিত করা হইয়াছে। তিনি বলেন, চলতি বৎসরের ৩১শে জানুয়ারী ইউনিসেফের সহযোগিতায় প্রথম স্কুল চালু করা হয়। এ পর্যন্ত ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রামে ইউনিসেফ ১৩০টি স্কুল চালু করিয়াছে এবং উক্ত স্কুলে ২ হাজার ১৫ জন শিশু শ্রমিক পড়াশুনা করিতেছে।

SHEETS